# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : নবীজী ও তাঁর সাহাবীগণের হজ-উমরা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

তাওয়াফে ইফাযা তথা বায়তুল্লাহর ফরয তাওয়াফ আদায়

১০০- ‘অতপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাহনে সওয়ার হয়ে মক্কায় গেলেন। তিনি তাওয়াফা ইফাযা (তথা বায়তুল্লাহর ফরয তাওয়াফ) করে নিলেন। সাহাবীগণও তাওয়াফ করে নিলেন।’

১০১- ‘রাসূলের সাথে যারা কিরান হজ করেছিলেন তাঁরা সাফা ও মারওয়ায় সাঈ করেন নাই।’[1]

১০২- অতপর তিনি মক্কায় যোহরের সালাত আদায় করলেন।

১০৩- তারপর আব্দুল মুত্তালিব গোত্রের সন্তানদের নিকট এলেন,‘আর তারা’[2] যমযমের পানি পান করাচ্ছিল তিনি বললেন,

«انْزِعُوا بَنِى عَبْدِ الْمُطَّلِبِ فَلَوْلاَ أَنْ يَغْلِبَكُمُ النَّاسُ عَلَى سِقَايَتِكُمْ لَنَزَعْتُ مَعَكُمْ»

‘হে আব্দুল মুত্তালিবের সন্তানগণ! বালতি ভর্তি করে পানি তুলে তা হাজীদেরকে পান করাও। তোমাদের কাছ থেকে পানি পান করানোর দায়িত্ব কেড়ে নেয়ার ভয় না থাকলে আমিও নিজ হাতে তোমাদের সাথে বালতি ভরে পানি তুলে তা পান করাতাম।’

১০৪- অতপর তারা তাঁকে বালতি ভরে পানি দিলেন, আর তিনি তা পান করলেন।

## ফুটনোট

[1]. আবূ দাউদ, তাহাবী।

[2]. দারমী।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7374

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন